

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
 স্থানীয় সরকার বিভাগ  
 প্রশাসন-১ শাখা  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
 গ্রাম শহরের উন্নতি

তারিখঃ ৩০ চেত্র ১৪২৭  
 ১৩ এপ্রিল ২০২১

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৮. ২০২০-৪৩২

বিষয়ঃ করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধে  
 আরোপ সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়ন।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের ১২/০৪/২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রস্হ পত্রের ড নং অনুচ্ছেদের অনুবৃত্তিক্রমে নির্দেশক্রমে জানানো  
 যাচ্ছে যে, আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ৬.০০ টা হতে ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত পর্যন্ত করোনাভাইরাসজনিত  
 রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধে আরোপকালে এ বিভাগ ও  
 আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে নিয়ন্ত্রণ নির্দেশনা অনুসরণ করতে হবে:

- ১) জরুরী দাপ্তরিক প্রয়োজন ব্যতিত স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার  
 প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকবে এবং সকল কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ কর্মক্ষেত্রে অবস্থান করবেন;
- ২) যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণ করে উন্নয়ন কার্যাদি/নির্মাণ কার্যাদি চলমান থাকবে;
- ৩) সিটি কর্পোরেশন, ওয়াসা, পৌরসভা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জরুরি পরিসেবা (পানি সরবরাহ ও  
 পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক বাতি ও অন্যান্য) চলমান রাখতে হবে;
- ৪) করোনা ভাইরাস সংক্রমণের ঝুঁকি হাসকল্পে সামাজিক দুরত বজায় রেখে ক্রয়-বিক্রয় নিশ্চিত করার লক্ষ্যে  
 কাঁচা বাজার/নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির ক্রয়-বিক্রয় প্রশস্ত, উন্মুক্ত ও সুবিধাজনক স্থানে পরিচালনা করতে  
 হবে;
- ৫) কর্মকর্তা/কর্মচারীগণ যেন কর্মক্ষেত্রে ত্যাগ করতে না পারে সে বিষয়টি এ বিভাগের অনুবিভাগ প্রধান এবং  
 দপ্তর/সংস্থার শীর্ষ কর্মকর্তাগণ নিশ্চিত করবেন;
- ৬) জরুরী দাপ্তরিক প্রয়োজনে সভা, সেমিনার, কর্মশালা ও প্রশিক্ষণ ভার্চুয়াল পদ্ধতিতে পরিচালিত হবে;

মন্ত্রিপরিষদ  
 ১৩/০৪/২০২১  
 এ কে এম মিজানুর রহমান  
 উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩  
 E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

- ১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল)।
- ৪। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।
- ৬। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৭। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার,  
 স্থানীয় সরকার বিভাগ।

**দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:**

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনসিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, ..... জেলা পরিষদ।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, ..... উপজেলা, ..... জেলা।
- ১০। মেয়র, ..... পৌরসভা।
- ১১। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, উপজেলা....., জেলা.....।

**অনুলিপি:**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পঞ্জী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।